



বাংলাদেশ শিপিং কর্পোরেশন

Bangladesh Shipping corporation

বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

www.bsc.gov.bd

প্যানেল আইনবিদ নিয়োগ বিজ্ঞপ্তি

নং-১৮.১৬.০০০০.৩৫২.০৪.০০২.১৯-

তারিখঃ ০৭জানুয়ারি, ২০১৯খ্রি.

বাংলাদেশ শিপিং কর্পোরেশন-এর খুলনা আঞ্চলিক অফিসের অধীনে খুলনা আদালতে কর্মরত, অর্থ, এ্যাডমিরালটি, বীমা এবং আর্বিট্রেশন সংক্রান্ত ইত্যাদি মামলা পরিচালনায় অভিজ্ঞতাসম্পন্ন এ্যাডভোকেট এর নিকট থেকে নিম্নোক্তভাবে প্যানেল আইনবিদ পদে নিয়োগের নিমিত্ত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

২।	পদের নাম	প্যানেল আইনবিদ (খুলনা)
	শিক্ষাগত যোগ্যতা	এলএলবি (বাংলাদেশের যে কোন স্বীকৃত সরকারি/ বেসরকারি বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) ডিগ্রীধারী) এ্যাডভোকেটশীপ সনদধারী হতে হবে।
	পদের সংখ্যা	০১(এক)জন

৩। অভিজ্ঞতাঃ

- (০১) প্রার্থীকে পেশাগত যোগ্যতার স্বীকৃতিসহ আইন ব্যবসায় ১০ বছরের পেশাগত অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে।
- (০২) প্রার্থীকে আন্তর্জাতিক নৌ-বাণিজ্য, সংশ্লিষ্ট যাবতীয় আইন, প্রটোকল ইত্যাদি সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
- (০৩) প্রার্থীকে অবশ্যই সুস্বাস্থ্যের অধিকারী এবং সংস্থার প্রয়োজনে স্ব স্ব স্থানের বাইরে পরিদর্শনে যেতে সক্ষম হতে হবে।

৪। অন্যান্য শর্তাবলীঃ

- ক) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।
- খ) প্রার্থীকে প্রাথমিকভাবে ২(দুই) বছরের জন্য নিয়োগ প্রদান করা হবে। তবে, পুনঃ নিয়োগ না দেয়া পর্যন্ত কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে কার্যকালের মেয়াদ বর্ধিত করা যেতে পারে;
- গ) সাম্প্রতিককালের তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ শিক্ষাগত ও পেশাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে;
- ঘ) প্রার্থী বিএসসির স্বার্থ পরিপন্থি/প্রতিদ্বন্দ্বী কোন সরকারী বা বেসরকারী সংস্থা/ব্যক্তির আইন উপদেষ্টা/ আইনজীবী হিসেবে নিয়োজিত থাকতে পারবেন না;
- ঙ) নির্বাচিত রিটেইনার আইন উপদেষ্টা বিএসসি কর্তৃক নির্ধারিত এবং প্রদেয় মাসিক রিটেইনার ফি পাবেন। রিটেইনার এবং প্যানেলভুক্ত আইনবিদগণ কর্তৃক বিভিন্ন মামলা পরিচালনার জন্য প্রচলিত ফি ও অন্যান্য প্রাপ্য খরচাদি বিএসসির নির্ধারিত হার (Rate schedule) অনুযায়ী পরিশোধ করা হবে।

৫। দায়িত্বঃ

স্ব স্ব এলাকায় প্যানেল আইনবিদ প্রয়োজন মোতাবেক ফৌজদারী, দেওয়ানী, আর্বিট্রেশন, এ্যাডমিরালটি, অর্থ, এবং বীমা সংক্রান্ত মামলাসমূহ পরিচালনা করবেন।

৬। বিএসসিতে ইতোমধ্যে যারা প্যানেল আইনবিদ হিসেবে কাজ করেছেন/করছেন তারাও আবেদন করতে পারবেন।

৭। পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্তসহ দরখাস্ত আগামী ২০জানুয়ারি, ২০১৯ তারিখের মধ্যে সচিব, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, ডাক বক্স নং-৬৪১, চট্টগ্রাম বরাবরে পৌছানোর জন্য অনুরোধ করা হ'ল। উল্লেখ্য, অস্পষ্ট/অসম্পূর্ণ/নির্ধারিত সময়ের পর দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। খামের উপর পদের নাম ও কোন জেলায় আইন পেশায় নিয়োজিত তা উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত

০৭/০১/২০১৯

সচিব

বাংলাদেশ শিপিং কর্পোরেশন

ফোনঃ ০৩১-৭২৪৪৭৯